গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিণাকুন্ডু, ঝিনাইদহ
www.harinakunda.jhenaidah.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৪.৪৪১৪.০০০.১৫.০০৫.২২• ৭৬

তারিখ: ১৫/০১/২০২৪ খ্রি.

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের, সায়রাত- ১ অধিশাখা এর ০২-১১-২০২৩ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ- ১)-৬৬২ সংখ্যার স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর অনুচ্ছেদ ৫ ও অনুচ্ছেদ ৬ অনুযায়ী ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু উপজেলার ২০ (বিশ) একরের নিচের নিম্নলিখিত বদ্ধ জলমহালটি সধারণ আবেদনে বাংলা ১৪৩১-১৪৩৩ সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে (jm.lams.gov.bd) আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ছক- জলমহালের তথ্যাদি:

| ক্র: নং | উপজেলা | জলমহালের নাম | জলমহালের আয়তন (একরে) | সরকারি ইজারা মূল্য | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | সর্বশেষ ইজারা মূল্য (পূর্ববর্তী বছরের ইজারামূল্য বা বিগত ৩ বছরের ইজারা মূল্যের মধ্যে যেটি বেশী | নীতিমালা অনুযায়ী ৫% বৃদ্ধি | ৫% বৃদ্ধিতে ইজারামূল্য (বার্ষিক) | |
| ০১ | হরিণাকুন্ডু | সোনাতনপুর পুকুর | ০.৩৮ একর | ৫,২৫০/- | ২৬৩/- | ৫,৫১৩/- | |

ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু উপজেলার সরকারি জলমহালসমূহ ইজারার আবেদন অনলাইনে দাখিলের সময়সূচী নিম্নরূপ:

| ক্র. নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/২৩ জানুয়ারি ২০২৪ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি ২০২৪ | ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল। |
| ২ | ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি ২০২৪ এর পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুন্ডু ঝিনাইদহ এর কার্যালয়ে দাখিল। |

### -: শর্তাবলী :-

০১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সাধারণ আবেদনে জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে ইজারার আবেদন দাখিল করতে পারবে;

০২। আবেদন বাবদ উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহের অনুকূলে সোনলী ব্যাংক পিএলসি. এর যে কোন শাখা হতে ৫০০/-(পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা অথবা জলমহাল ও পুকুর ইজারা কোড ১-৪৬৩১-০০০০-১২৬১ তে চালানের মাধ্যমে জমা দিয়ে আবেদনপত্রের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/চালানের মূলকপি দাখিল করতে হবে;

০৩। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে;

৪। জলমহাল ইজারার জন্য আবেদন দাখিলের শেষ সময়সীমা ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/২৩ জানুয়ারি ২০২৪ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি ২০২৪ মধ্যে অফিস চলাকালীন পর্যন্ত;

০৫। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের/চালানের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুন্ডু ঝিনাইদহ এর কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে;

০৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে কোন তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে;

০৭। আবেদনপত্রের প্রিন্টিং কপিসহ দাখিলের সময় আবেদনপত্রে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ জামানত হিসাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুন্ডু ঝিনাইদহ এর অনুকূলে আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। তাছাড়া আবেদনপত্র দাখিলকারী মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক সমিতির নিবন্ধনপত্রের সত্যায়িত কপিসহ প্রয়োজনীয় সকল কাগজপত্র এবং মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা/উপজেলা সমবায় অফিসারের নিকট হতে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র থাকলে বাতিলযোগ্য হবে;

০৮। ইজারার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে বাংলা ১৪৩৩ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে না এবং বাংলা ১৪৩৩ সনের ৩০ চৈত্রের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে;

০৯। ইজারার আবেদনপত্র অনুমোদনে বিলম্ব হলে উক্ত বিলম্বের কারণে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবে না। বছরের যে কোন সময়ে দরপত্র আহবান করা হলেও ইজারার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে এবং বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে সকল সরকারি প্রাপ্য আদায়যোগ্য হবে;

CamScanner

১০। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী আবেদনপত্র গৃহীত হওয়া সাপেক্ষে উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনপত্রে প্রদত্ত ১ম বছরের ইজারামূল্যসহ সরকারি সর্বশেষ নির্দেশনা মোতাবেক ভ্যাট ও আয়কর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নির্ধারিত কোডে চালানে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বন্দোবস্ত বাতিল হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবেনা। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে;

১১। ১ম বছরের নির্ধারিত ইজারামূল্যই পরবর্তী ২য় ও শেষ বছরের আদায় করা হবে। পরবর্তী বছর সমূহের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে;

১২। আবেদনপত্র কেবল অনলাইনে দাখিল করা যাবে। মৎস্যজীবী সমবায় সমিতির একটি ই-মেইল ঠিকানা থাকা বাঞ্ছনীয়;

১৩। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদনের পর যে সকল আবেদনপত্র গৃহীত হবে না, সে সকল আবেদনপত্রের সাথে জামানত হিসেবে সংযুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনকারী কর্তৃক আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে;

১৪। প্রতিটি আবেদনপত্রের প্রিন্টিং কপির খামের উপর জলমহালের নাম, মৎস্যজীবী সমবায় সমিতির নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতির রেজিষ্ট্রেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা, ০২ বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে), ০৩ বছরের কর্ম পরিকল্পনা, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে;

১৫। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত আবেদনপত্রের সাথে দাখিলকৃত জামানত শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি দলিল সম্পাদন করতে হবে। ইজারা গ্রহীতা কোন অবস্থাতেই সম্পূর্ণ জলমহাল বা অংশ বিশেষ সাব-লিজ দিতে পারবেন না। ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের আয়তন এবং দখলীয় আয়তনের মধ্যে তারতম্য হলেও কোন আপত্তি উত্থান করতে পারবেন না;

১৬। দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়ের জারীকৃত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসরণ করা হবে;

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

১৮। এ ইজারার ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সংশ্লিষ্ট ধারা/অনুচ্ছেদসমূহ প্রযোজ্য হবে। তাছাড়া সরকারি জলমহাল ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি (যদি থাকে) তা প্রযোজ্য হবে;


(মোঃ আক্তার হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
হরিণাকুন্ডু, ঝিনাইদহ
মোবাইল: ০১৩২৪-১৬৪৮১২
unoharinakunda@mopa.gov.bd


স্মারক নম্বর- ০৫.৪৪.৪৪১৪.০০০.১৫.০০৫.২২.৭৬ তারিখ:১৫/০১/২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতির/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
০৪। মেয়র, হরিণাকুন্ডু পৌরসভা, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
০৫। চেয়ারম্যান (সকল), ইউপি, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
০৬। উপজেলা ........................................ কর্মকর্তা, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
০৭। সাব-রেজিস্ট্রার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
০৯। সভাপতি/সম্পাদক,..............................,মৎস্যজীবী সমবায় সমিতি, লিঃ হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
১০। জনাব......................................, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
১১। সম্পাদক, নবচিত্র ,.................................ইজারা বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য আগামী ১৬ -০১-২০২৪ খ্রি:-এর মধ্যে পত্রিকায় স্বল্প পরিসরে প্রকাশ করে পত্রিকার ০২ (দুই) কপি বিলসহ অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, হরিণাকুন্ডু, ঝিনাইদহ (ওয়েবোইটে প্রকাশের অনুরোধসহ)।


১৫/০১/২৪
(নিরুপমা রায়)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
হরিণাকুন্ডু, ঝিনাইদহ
মোবাইল: ০১৩২৪-১৬৪৮১৬
aclandharinakundu@gmail.com


CamScanner